**Ex/CBCS/BNG/PG/3·52B/2024**

# স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫২ বি

## ইসলাম ধর্মনির্ভর সংস্কৃতি ও বাংলা সাহিত্য

পূর্ণমান : ৩০ সময় : ২ ঘণ্টা

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

*প্রশ্নগুলি সম মানের।* ১০×৩=৩০

১. মধ্যযুগে বাংলার লোকপ্রিয় ইসলামের স্বরূপ বিশ্লেষণ করে এর জনপ্রিয়তার কারণগুলি সম্পর্কে তোমার নিজস্ব অভিমত জানাও।

**অথবা**

২. মধ্যযুগে বাংলায় মুসলমান সমাজের গড়নের মধ্যেই শরিয়তি ও লোকপ্রিয় ইসলামের সমান্তরাল ভাবনা রয়ে গেছে বলে কি তুমি মনে করো? সাহিত্য ও ইতিহাসের প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি বুঝিয়ে দাও।

৩. মধ্যযুগে বাংলায় হিন্দু-মুসলমান সম্পর্ক সামাজিক-রাজনৈতিক স্তরে একরকমের ছিল না। তাছাড়া স্থানীয় সাংস্কৃতিক ঐতিহ্যের উত্তরাধিকারও অনেক সময় এই সম্পর্ককে নিয়ন্ত্রণ করেছে। এ বিষয়ে তোমার বিবেচনা ইতিহাসের দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।





৪. মধ্যযুগে বাংলা সিরাত সাহিত্যে আল্লাহ্ যখন প্রভু আর মহম্মদ নবি অবতার হিসেবে বর্ণিত হচ্ছেন, তাকে কি সমন্বয়বাদী ইসলামের অভিব্যক্তি বলা চলে?

**অথবা**

৫. মধ্যযুগে মুসলমান ধর্মীয়তা ও সংস্কৃতি কি একটি একমাত্রিক ধারণা? না কি ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত আছে মুসলমান গোষ্ঠী গঠনের নানা পর্যায়? ইসলামি ব্যবহারশাস্ত্র ও জঙ্গনামার ভাষা ব্যবহারকে কেন্দ্রে রেখে বিষয়টি আলোচনা করো।

৬. দৌলত উজির বাহরাম খানের 'লায়লী মজনু' কাব্যে লায়লী ও মজনুর প্রেমের প্রসঙ্গে বৈষ্ণব পদাবলির রাধা-কৃষ্ণকথা কীভাবে প্রভাব বিস্তার করেছে তা আলোচনা করো।

**অথবা**

৭. মধ্যযুগে বাংলার সুফি সাধনায় যোগ ধর্ম কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা 'যোগ কলন্দর' কাব্য অবলম্বনে বুঝিয়ে দাও।

★★★